উপজেলা পরিষদ
জামালগঞ্জ, সুনামগঞ্জ।

উপজেলা পরিষদের ফেব্রুয়ারী, ২০২২ মাসের মাসিক সভা এর কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ ইকবাল আল আজাদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
তারিখ : ১৭/০২/২০২২খ্রিষ্টাব্দ, সময় বেলা- ১২.০০ ঘটিকা।

উপস্থিত/অনুপস্থিত সদস্য এবং উপজেলার সকল বিভাগের প্রধানের তালিকা পরিশিষ্ট "ক" তে উল্লেখ করা হলো।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভাপতি পরবর্তী কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী আনয়নের প্রয়োজন হলে উপস্থাপনের অনুরোধ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১। | গত সভার কার্যবিবরণী | দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| ০২। | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা | অগ্রগতি সন্তোষজনক | উপজেলা নির্বাহী অফিসার,জামালগঞ্জ। |
| ০৩। | উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা/সিদ্ধান্ত গ্রহণ: উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীগুলো সভায় পাঠ করে শুনানো হয়। | উপজেলা পরিষদ সভায় উত্থাপনযোগ্য কোন সুপারিশ না থাকায় কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি। | |
| ০৪। | সরকারী বিধি আলোচনা ও পর্যালোচনাঃ | সরকারী বিধি নিয়ে সভায় আলোচনা হয়নি। | |
| ০৪। | পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা:<br>উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ মোতাবেক নভেম্বর ২০২০ মাসে ৩,৬৮,৬০৬/৬৭ টাকা আয় এবং ২,৫৮,৯১৪.০০/- টাকা ব্যয় করা হয়েছে। বিগত মাসে উপজেলা পরিষদের ব্যবহৃত কম্পিউটার প্রিন্টারের ২টি টোনার ক্রয় বাবদ ৪৫০০/-টাকা ও ফটোকপি মেশিন এর টোনার ক্রয় বাবদ ৫০০০/-টাকা এবং উপজেলা পরিষদের পুকুর পরিষ্কার ও পারিষদের চারপাশ পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ ২৪,৫০০/-ব্যয় করা হয়েছে। ব্যয়িত বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের অনুমোদনের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিল পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উত্থাপিত বিলসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং উত্থাপিত বিলসমূহের দাবিকৃত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার জামালগঞ্জ। |
| ০৫ | (ক) উপ-সহকারী প্রকৌশলী সভাকে জানান, জামালগঞ্জ উপজেলা পরিষদের আবাসিক ভবনগুলোর অবস্থা খুবই খারাপ। উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের পুরাতন জোড়াবাড়ি (রক্তি)- ৭,৫২,৪৮৬/-, উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের নন-গেজেটেড কোয়ার্টার (পিয়াইন)-১০,২১,০৪৫/-ও উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের নন-গেজেটেড কোয়ার্টার (দোলতা)- ৯,০০,০০০/- টাকা মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুতক্রমে সভায় উপস্থাপন করেন। আলোচনায় ইউপি চেয়ারম্যানগণ বলেন, মেরামতযোগ্য আবাসিক ভবনগুলো দ্রুত মেরামতের প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ ভবনের আবাসিক কোয়ার্টার মেরামতের প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে "উপজেলা উন্নয়ন সহায়তা" তহবিল হতে থোক বরাদ্দের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রয়োজনীয় পত্র যোগাযোগের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার জামালগঞ্জ ও উপজেলা প্রকৌশলী (এলজিইডি) জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| | (খ) চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় জানান যে, এ বছর স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের কার্যক্রম এবং মুজিববর্ষের অনুষ্ঠান চলমান রয়েছে। এছাড়া স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের বিষয় উল্লেখ করে তিনি মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ আরো জাঁকজমকপূর্ণ, বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান। তিনি আরো বলেন যে, বিভিন্ন জাতীয় দিবস যেমন; ১৬ ডিসেম্বর , ২১ ফেব্রুয়ারী, ৭ মার্চ, ১৭ মার্চ, ২৫ মার্চসহ অন্যান্য জাতীয় দিবস সমূহ উদযাপন উপলক্ষ্যে ১,০০,০০০/- টাকা খরচের বরাদ্দ রয়েছে। প্রকারান্তে এই টাকা দিয়ে উক্ত দিবস পালনের ব্যয় নির্বাহ করা | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ আরো জাঁকজমকপূর্ণ, বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ের অনুমতি প্রদানের জন্য সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের প্রস্তাব করেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ। |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সম্ভব হয় না। তাই আগামী ২৬ মার্চ ২০২২ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও জাঁকজমকপূর্ণ আয়োজনের লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ের অনুমতি প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের প্রস্তাব করেন। | | |
| (গ) বিভাগ ভিত্তিক আলোচনা | | | |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভালভাবেই চলছে। তিনি সভাকে জানান নতুন করোনা পরিস্থিতি মোকাবেলায় স্কুল ভিত্তিতে ভেকসিন কার্যক্রম ২য় ডোজসহ বুস্টার ডোজ ভেকসিন প্রদানের টার্গেটটি পূরণের কাজ চলমান আছে। আপাতত কোন সমস্যা নাই। | উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা জামালগঞ্জ, সুনামগঞ্জ |
| উপজেলা প্রকৌশলী বিভাগ | উপসহকারী প্রকৌশলী (এলজিইডি) সভাকে জানান, তার বিভাগের কার্যক্রম ভালভাবেই চলছে। ২০২১-২০২২ অর্থ বছরের এডিপির প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্প সমূহের কার্যক্রম ও বাস্তবায়ন কাজ চলমান আছে। আপাতত কোন সমস্যা নাই। | এডিপির কার্যক্রম দ্রুত বাস্তবায়নের নিমিত্তে উপজেলা প্রকৌশলী যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। | সংশ্লিষ্ট সকল |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভালভাবেই চলছে। আপাতত কোন সমস্যা নাই। | কৃষি বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান তার বিভাগের কার্যক্রম ভালভাবেই চলছে। | শিক্ষা বিভাগীয় কার্যক্রম সঠিক রাখার অনুরোধ করা হয় | উপজেলা শিক্ষা অফিসার, জামালগঞ্জ |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। মাধ্যমিক পর্যায়ে সকল শিক্ষার্থীদের মধ্যে করোনার টিকা প্রদান কার্যক্রম চলমান আছে আপাতত কোন সমস্যা নাই। | মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নসহ সার্বিক কার্যক্রম স্বাভাকি রাখার জন্য ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জামালগঞ্জ। |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। ফাল্গুন-চৈত্র মাসে বিলের ইজারাদারগণের মধ্যে বিল শুকিয়ে মাছ ধরে প্রবনতা লক্ষ করা যায়। যা সম্পূর্ণ বেআইন। মৎস্য সম্পদ রক্ষায় স্বার্থে যারা বিল শুকিয়ে মাছ আহরণ করছে তাদের বিরুদ্ধে মোবাইল কোর্টসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এবিষয়ে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামানা করেন। | মৎস্য বিভাগের কার্যক্রম ভালভাবে রাখতে এবং বেআইনি কার্যক্রমের বিরুদ্ধে যথাযথ প্রদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভালভাবেই চলছে। আপাতত কোন সমস্যা নাই। | সমবায় বিভাগের কার্যক্রম ভালভাবে রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, জামালগঞ্জ,সুনামগঞ্জ। |
| আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জামালগঞ্জ। |
| সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। আপাতত কোন সমস্য নাই। | উপজেলা সমাজ সেবা বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ করা হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জামালগঞ্জ |
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। আপাতত কোন সমস্যা নাই। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কার্যক্রম স্বভাবিক রাখার অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালগঞ্জ। |
| প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান তার বিভাগের কার্যক্রম ভালভাবেই চলছে। আপাতত কোন সমস্যা নাই। | উপজেলা প্রাণী সম্পদ বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা , জামালগঞ্জ। |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। লোকবলের সংকট রয়েছে। | পরিবার পরিকল্পনা বিভাগের সেবা স্বাভাবিক রাখার অনুরোধ করা হয় | উপজেলা প.প. কর্মকর্তা। জামালগঞ্জ। |
| যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভালভাবেই চলছে। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয় | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জামালগঞ্জ। |
| বিআরডিবি বিভাগ | উপজেলা বিআরডিবি কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভালভাবেই চলছে। জনবলের সংকট রয়েছে। | উপজেলা বিআরডিবি বিভাগের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয় | উপজেলা বিআরডিবি কর্মকর্তা, জামালগঞ্জ। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| জনস্বাস্থ্য প্রকৌশলী বিভাগ | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রমে স্বাভাবিক আছে। আলোচনায় ইউপি চেয়ারম্যানগণ বলেন যে, শুষ্ক মৌসুমে বছরের প্রায় ৪ মাস টিউবওয়েলে পানি না উঠায় জনসাধারণ খাবার পানি সংকটে কাটাতে হয়। খাবার পানি সংকট নিরসনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বলেন, শুষ্ক মৌসুমে পানির লেয়ার নিচে নেমে যাওয়ায় গভীর/অগভীর নলকূপগুলোতে পানি কম উঠে বা পানির লেয়ার নিচে চলে গেলে ৬নং পাম্প দিয়ে পানি উঠানো কষ্ট হয়ে যায়। সারা বছর বিশুদ্ধ খাবার পানি নিশ্চিত করতে হলে ৬নং নলকূপ স্থাপনের পরিবর্তে জনস্বাস্থ্য বিভাগের সকল প্রকল্পের নলকূপ সমূহ গভীর সাবমার্জিবল নলকূপ স্থাপন করতে হবে মর্মে সভাকে অবহিত করেন।<br>আলোচনায় অংশ গ্রহণ করে চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন যে, উপজেলা পর্যায়ে বরাদ্দকৃত নলকূপগুলো গভীর সাবমর্জিবল করার বিষয়ে প্রয়োজনীয় প্রদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। | এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। শুষ্ক মৌসুমসহ সারা বছর বিশুদ্ধ খাবার পনি নিশ্চিত করার লক্ষ্যে ৬নং নলকূপ স্থাপনের পরিবর্তে জনস্বাস্থ্য বিভাগের সকল প্রকল্পের বরাদ্দকৃত নলকূপসমূহ গভীর সাবমর্জিবল করার জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবরে প্রয়োজনীয় পত্রযোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, জামালগঞ্জ। |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, খাদ্য বিভাগের কার্যক্রম সঠিক ভাবে পরিচালিত হচ্ছে আপাতত কোন সমস্যা নাই। | খাদ্য বিভাগের কার্যক্রম রাখার অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সাচনা, জমালগঞ্জ। |
| স্যানিটারি ইপপেক্টর | উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর সভায় জানান নিয়মিত বাজার মনিটরিং করা হচ্ছে। আপাতত কোন সমস্যা নাই। | বাজার মনিটরিং জোরদার করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | স্যানিটারি ইন্সপেক্টর, জামালগঞ্জ। |
| দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, তার কার্যক্রম ভালভাবেই চলছে। দাপ্তরি কাজে আপাতত কোন সমস্যা নাই। | দারিদ্র বিমোচন কর্মকর্তার কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ করা হয়। | পজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, জামালগঞ্জ। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(মোঃ ইকবাল আল আজাদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
জামালগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং : ৪৬.৪৬.৯০৫০.০০০.১৪.০০১.২০- (৩০) তারিখঃ ১৭/০২/২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। ইঞ্জিনিয়ার মোয়াজ্জেম হোসেন রতন, মাননীয় সংসদ সদস্য, ২২৪ সুনামগঞ্জ-১, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৬। জনাব মোঃ ইকবাল আল আজাদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৮ -১৩। চেয়ারম্যান, ........................................................ইউপি, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
১৪।........................................................................ কর্মকর্তা, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
১৫। অফিস কপি।

(বিশ্বজিত দেব)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
জামালগঞ্জ, সুনামগঞ্জ।

CamScanner

উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২২ মাসের মাসিক সভার হাজিরা

সভাপতি: জনাব মো: ইমরান আল-আজাদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, [illegible]

জনপ্রতিনিধিবৃন্দ

| ক্র: নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব মো: ইমরান আল-আজাদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, [illegible] | [signature] |
| ০২. | জনাব রোকেয়া [illegible] | ভাইস চেয়ারম্যান | [signature] |
| ০৩. | মো: [illegible] | চেয়ারম্যান | [signature] |
| ০৪ | মজনু মিয়া | | [signature] |
| ০৫. | সুব্রত সামন্ত [illegible] | চেয়ারম্যান | [signature] |
| ০৬. | মো: [illegible] | চেয়ারম্যান | [signature] |
| ০৭ | কামাল [illegible] | চেয়ারম্যান | [signature] |

কর্মকর্তাবৃন্দ

| ক্র: নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | | | |
| ০২. | মো: আরীফ উদ্দিন | UEO | [signature] |
| ০৩. | মো: মাহবুবুল কবীর | USEO | [signature] |
| ৪ | মো: [illegible] | BM. PSB | [signature] ২১/২/২২ |
| ০৫. | [illegible] | AUYDO | [signature] |
| ০৬. | রাম কুমার সাহা | SAE/DPHE | [signature] |
| ০৭. | [illegible] চন্দ্র পাল | UDBO | [signature] |
| ০৮. | [illegible] | UFPO | [signature] |
| ০৯. | মো: সাব্বির আনোয়ার | USSO | [signature] ২১.২.২২ |
| ১০. | মো: আবু সাঈদ | UCO | [signature] ২১/২/২২ |
| ১১. | মো: [illegible] আলী | [illegible] | [signature] ২১/২/২২ |
| ১২. | মো: [illegible] | SAE/SO BWDB | [signature] |
| ১৩ | [illegible] | [illegible] | [signature] |
| ১৪ | মো: [illegible] উদ্দিন | UCP | [signature] |
| ১৫ | ডা: মো: [illegible] | ULO | [signature] |
| ১৬ | মো: [illegible] হোসেন | U.P.I.O | [signature] |
| 17. | Dr Moinuddin Alamgir | UHFPO | [signature] |
| 18 | মো: আলাউদ্দিন | UAO | [signature] |
| 19 | সুনন্দা রানী মোদক | UFO | [signature] |

CamScanner